

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১৪৯.২০১৭- ২৪৮১


তারিখঃ ০৯ জুলাই ২০১৭  
২৫ আষাঢ় ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৪২১১/২০১৭, বাদী জনাব মোঃ হারুন-অর-রশিদ, পিতা-মৃত- মোঃ সাইফুল্লাহ, বাসা নং ১০-বি/১০-১৮, মিরপুর, ঢাকা-১২১৬ -বনাম-সরকার ও অন্যান্য।

মিরপুর সেকশন-১০, ব্লক এ-বি-সিসহ জাতীয় গৃহায়ণ কর্তৃক প্রস্তুতকৃত লে-আউট নকশায় স্কেল অনুসারে ৪০'-০" প্রশস্ত রাস্তার বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৩/০৩/২০১৭ তারিখের ২৭৬ নং স্মারককে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-৪২১১/২০১৭ দায়ের করা হয়েছে। উক্ত রীট পিটিশনে মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে ০১নং বিবাদী, সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে ০২নং বিবাদী, সচিব, স্থানীয় সরকার বিভাগকে ০৩নং বিবাদী, চেয়ারম্যান, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষকে ০৪নং বিবাদীসহ অন্যান্য ব্যক্তিকে বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে। মাননীয় আদালত উক্ত বিষয়ে ০৬ (ছয়) মাসের স্থিতাবস্থা বজায় রাখার আদেশসহ রুল ইস্যুপূর্বক বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোহাম্মদ শফিউল আরিফ)  
উপসচিব  
ফোন-৯৫৪০১৯৭

প্রধান নির্বাহী কর্মকর্তা  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
ঢাকা।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।